



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.২০.০০৫.১৯.১৮৩০

তারিখ: ২৮ অগ্রহায়ণ ১৪২৯  
১৩ ডিসেম্বর ২০২২

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার  
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়  
স্থানীয় সরকার বিভাগ  
হিসাব ভবন (৫ম তলা, গেট নং-৪), সেগুনবাগিচা, ঢাকা

বিষয়: চলতি ২০২২-২৩ অর্থ বছরের বাজেটের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতের (কোড নং-২২১০০০৬০০) অধীনে 'মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ' শীর্ষক উপ-খাত হতে এককালীন অর্থ অবমুক্তি।

মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর অভিপ্রায় অনুযায়ী নিম্নবর্ণিত প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে চলতি ২০২২-২৩ অর্থ বছরের এডিপি'র আওতায় 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতের অধীনে (কোড নং-২২১০০০৬০০) 'চলমান অডিটরিয়াম/ ডাকবাংলো নির্মাণ' শীর্ষক উপ-খাত (অর্থনৈতিক কোড: ৪১১১৩১৭) হতে জেলা পরিষদ, চাঁদপুর এর অনুকূলে ১০০.০০ লক্ষ টাকা (এক কোটি টাকা) অবমুক্তির সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি:

ক্র:	প্রকল্পের নাম	বরাদ্দকৃত অর্থ	জেলা পরিষদ
১.	চাঁদপুর জেলার মতলব (দক্ষিণ) উপজেলায় জেলা পরিষদ কর্তৃক একটি নতুন ডাকবাংলো নির্মাণ	১০০.০০ লক্ষ টাকা (এক কোটি টাকা)	জেলা পরিষদ চাঁদপুর

২। এ ব্যয় চলতি ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন বাজেটের মঞ্জুরি নং-৩৪, হিসাবের খাত ১৩৭-১৩৭০১-২২১০০০৬০০/৪১১১৩১৭ 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতে বরাদ্দকৃত অর্থ হতে মিটানো হবে।

৩। অর্থ বিভাগের গত ০৪ আগস্ট ২০২২ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৬.২০১১-৩৫৪ নং স্মারক, ১৩ ডিসেম্বর ২০২২ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৬.২০১১-৪৭১ নং স্মারক মূলে প্রদত্ত সম্মতির প্রেক্ষিতে এবং নিম্নবর্ণিত শর্তে এই অর্থ ছাড় করা হলো:

- (১) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিআর-২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;
- (২) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;

৪। নির্ধারিত কার্যক্রম বাস্তবায়ন ব্যতীত অন্য কোন কাজে এই অর্থ ব্যয় করা যাবে না। সংশ্লিষ্ট জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা/ নির্বাহী কর্মকর্তা এ মঞ্জুরীকৃত অর্থের আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন। তিনি এ অর্থ ব্যয়ে প্রচলিত নিয়মাচার ও আর্থিক বিধি-বিধান পালন করবেন।

স্বাঃ ১৩/১২/২২

এস এম নজরুল ইসলাম  
উপসচিব

ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮  
ই-মেইল: lgzp@lgd.gov.bd

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.২০.০০৫.১৯.১৮৩০/১(২০)

তারিখ: ২৮ অগ্রহায়ণ ১৪২৯  
১৩ ডিসেম্বর ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১. ড. শামসুল আলম, মাননীয় প্রতিমন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা
২. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (দু. আ. উপসচিব (বাজেট-১১ অধিশাখা))
৩. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ/ কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
৪. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. পরিচালক, স্থানীয় সরকার, চাঁদপুর বিভাগ
৯. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চাঁদপুর
১০. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, চাঁদপুর জেলা
১২. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ-(এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)

এস এম নজরুল ইসলাম  
উপসচিব



285

সচিব  
স্বাধীনতা  
সি ১৪ (২৪) (১৯৭৫)  
১৯৭৫

129/100  
277

ড. শামসুল আলম  
প্রতিমন্ত্রী  
পরিকল্পনা মন্ত্রণালয়  
তারিখঃ ১৬ জানুয়ারি, ২০২২খ্রি:

আধা-সরকারি পত্র নং-২০.০০.০০০০.১০১.৯৯.০০১.২১.৩৩

শ্রদ্ধা মন্ত্রীর মহোদয়;

১৬/১/২০২২  
ড. শামসুল আলম, এমপি  
কর্তৃপক্ষের প্রধান উপস্থাপক  
কর্তৃপক্ষের প্রধান উপস্থাপক  
কর্তৃপক্ষের প্রধান উপস্থাপক

আমার সালাম ও শুভেচ্ছা নিবেন। আপনার অবগতির জন্য জানাচ্ছি যে চাঁদপুর জেলাধীন মতলব (দক্ষিণ) উপজেলা একটি অন্যতম প্রাচীন উপজেলা। এটি ৬ টি ইউনিয়ন ও ১ টি পৌরসভাসহ ২৭২ বর্গকিমি আয়তনের এক বিস্তৃত জনপদ। প্রায় তিন লক্ষাধিক জনগণের বসবাস এ উপজেলায়। উপজেলাটি ঢাকা-চাঁদপুর-লক্ষ্মীপুর-নোয়াখালী মহাসড়ক সংলগ্ন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অনেক মাননীয় মন্ত্রী, এমপি, উর্ধ্বতন সরকারি কর্মকর্তা ও গণ্যমান্য ব্যক্তিবর্গ মহাসড়ক দিয়ে প্রতিনিয়ত যাতায়াত করেন এবং প্রায়শই উপজেলাস্থ জেলা পরিষদ ডাকবাংলোতে অবস্থান করেন। কিন্তু জেলা পরিষদ ডাকবাংলোটি গত শতাব্দীর ষাটের দশকে নির্মিত যা বর্তমানে অত্যন্ত জরাজীর্ণ ও পরিত্যক্ত প্রায়।

চাঁদপুর জেলার মতলব (দক্ষিণ) উপজেলায় বিদ্যমান ডাকবাংলোটির স্থানে একটি আধুনিক ডাকবাংলো নির্মাণের জন্য চাঁদপুর জেলা পরিষদের মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক এলজিইডির টাইপ প্লান, ডিজাইন এবং প্রাক্কলন করা হয়েছে। প্রাক্কলন অনুযায়ী প্রাক্কলিত ব্যয় ২,৬৪,৩৯,১২১.০০ (দুই কোটি চৌষাট্টি লক্ষ উনচল্লিশ হাজার একশত একুশ) টাকা ধরা হয়েছে যা চাঁদপুর জেলা পরিষদ কর্তৃক বাস্তবায়ন করা হবে।

এমতাবস্থায়, চাঁদপুর জেলার মতলব (দক্ষিণ) উপজেলায় একটি আধুনিক ডাকবাংলো নির্মাণের জন্য ২০২১-২২ অর্থবছরের এডিপির বিশেষ বরাদ্দ থেকে বরাদ্দ প্রদানে আপনার ব্যক্তিগত পদক্ষেপ কামনা করছি।

আপনার সু-স্বাস্থ্য ও সমৃদ্ধি কামনা করি।

বাকশিবন

ড. শামসুল আলম

জনাব মোঃ ভাজুল ইসলাম, এমপি  
মাননীয় মন্ত্রী  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

১৬/১/২০২২